

শ্রম বিধিমালা চূড়ান্ত হচ্ছে রপ্তানির ০.০৩% অর্থ যাবে শ্রমিক কল্যাণ তহবিলে

নিজস্ব প্রতিবেদক ●

পণ্য জাহাজীকরণ পর্যন্ত রপ্তানিমূল্যের শূন্য দশমিক শূন্য ৩ শতাংশ অর্থ রপ্তানিকারককে জমা দিতে হবে শ্রমিক কল্যাণ তহবিলে। আর এই অর্থ থেকেই দুর্ঘটনাসহ নানা ঘটনায় ক্ষতিগ্রস্ত শ্রমিকদের ক্ষতিপূরণের জন্য দেওয়া হবে। শ্রম আইনে এমন বিধিমালা চূড়ান্ত করা হচ্ছে।

রাজধানীর ইস্কাটনে প্রবাসীকল্যাণ ভবনে গতকাল বুধবার বিকেলে খসড়া বিধিমালা নিয়ে শিল্প মালিকদের সঙ্গে আন্তঃমন্ত্রণালয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে সংবাদ বিক্ৰিৎয়ে এসব কথা জানান বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। গত বছর সংসদে পাস হওয়া সংশোধিত শ্রম আইন, ২০১৩-এর আলোকে বিধিমালাটি হচ্ছে।

তোফায়েল আহমেদ বলেন, 'শ্রমিকদের জন্য যে বিমা (২ লাখ) করা হয়, তা পেতে অনেক সময় লেগে যায়। কেউ যদি দুর্ঘটনায় মারা

যান তাহলে আমরা শ্রমিক কল্যাণ তহবিল থেকে তা শ্রমিকদের দিয়ে দেব। প্রতিবছর এ ফান্ডের অর্থ বাড়তেই থাকবে।'

প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন বলেন, কয়েক দফা শ্রমিক প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করে মতামত নেওয়া হয়েছে। এবার মালিকপক্ষের মতামতের পর বিধিমালা চূড়ান্ত পর্যায়ে পৌঁছেছে। প্রধানমন্ত্রীর কার্যালয় এবং আইন মন্ত্রণালয়ের ভেটিং শেষে জুনের মধ্যেই প্রজ্ঞাপন প্রকাশ করা হবে।

বৈঠকে উপস্থিত ছিলেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু, বেসরকারি বিমান ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন, নৌমন্ত্রী শাজাহান খান, শ্রম প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্নু প্রমুখ। আর মালিকপক্ষের প্রতিনিধি ছিলেন বিজিএমইএ সভাপতি আতিকুল ইসলাম, বিকেএমইএ সভাপতি সেলিম ওসমান, বিটিএমএ সভাপতি তপন চৌধুরীসহ অন্যরা।